

স্মারক নং-জাককানইবি/রেজি:/একা:/ভর্তি(২০২৩-২৪)/১৭৬৪/২৪/৪৬৪১

তারিখ: ১৮/১২/২০২৪

মাইগ্রেশনকৃত শিক্ষার্থীদের ভর্তি ফি ফেরত প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তি

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে যে সকল শিক্ষার্থী চূড়ান্ত ভর্তি কার্যক্রম সম্পন্ন করেছে কিন্তু পরবর্তী সময়ে মাইগ্রেশনের মাধ্যমে GST'র অন্তর্ভুক্ত অন্য বিশ্ববিদ্যালয়ে চূড়ান্ত ভর্তি সম্পন্ন করে অধ্যয়নরত আছে; সে সকল শিক্ষার্থীদের নিম্নোক্ত শর্ত সাপেক্ষে আগামী ০১ জানুয়ারি ২০২৫ তারিখ থেকে ১৪ জানুয়ারি ২০২৫ তারিখের অফিস চলাকালীন সময় ১০:০০-০৩:০০ টার মধ্যে (সাপ্তাহিক ও অন্যান্য ছুটির দিন ব্যতীত) আবেদন পত্রের মাধ্যমে স্বপক্ষে উপর্যুক্ত প্রমাণাদিসহ চূড়ান্ত ভর্তি ফি ফেরত নেয়ার জন্য আবেদন আহ্বান করা হলো। পরে শিক্ষার্থী কর্তৃক প্রদত্ত বিকাশ নম্বরে তা প্রেরণ করা হবে।

ফি ফেরত গ্রহণ সংক্রান্ত নির্দেশনা:

- শিক্ষার্থীকে স্বহস্তে রেজিস্ট্রার, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় বরাবর আবেদন করতে হবে। সেইসাথে শিক্ষার্থীর মোবাইল নম্বর ও একটি বিকাশ (পার্সোনাল) নম্বর আবেদনে উল্লেখ করতে হবে এবং GST-ভর্তি পরীক্ষার পরীক্ষকের স্বাক্ষরিত রঙিন Admit Card এর ফটোকপি সংযুক্ত করে রেজিস্ট্রার দপ্তরের ডেসপাচ/রিসিভ শাখায় (২য় তলা ২০৬ নং কক্ষে) জমা প্রদান করতে হবে।
- জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ে চূড়ান্ত ভর্তির সময় ব্যাংকে জমাকৃত টাকার মূল রশিদ আবেদনের সাথে অবশ্যই সংযুক্ত করতে হবে।
- শিক্ষার্থী GST'র অন্তর্ভুক্ত যে বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন চলমান রয়েছে ঐ বিশ্ববিদ্যালয়ের চূড়ান্ত ভর্তির ব্যাংক রশিদের ফটোকপি প্রদান করতে হবে। প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাইপূর্বক ফেরতের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ভর্তি ফি আবেদনে প্রদানকৃত বিকাশ নম্বরে ফেরত প্রদান করা হবে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ওয়েবসাইট <https://nuadmission.online/>- এর মাধ্যমে শিক্ষার্থীদের তালিকাসহ ভর্তি ফি পরিমাণসহ ফেরত প্রদানের তারিখ প্রকাশ করবেন। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের পর আর কোনো আবেদন গ্রহণ করা হবে না এবং অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়
ত্রিশাল, ময়মনসিংহ।

স্মারক নং-জাককানইবি/রেজি:/একা:/ভর্তি(২০২৩-২৪)/১৭৬৪/২৪/৪৬৪১(১২)

তারিখ: ১৮/১২/২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ০১। ট্রেজারার, জাককানইবি, ত্রিশাল, ময়মনসিংহ।
- ০২। ডিন, সকল অনুষদ, জাককানইবি, ত্রিশাল, ময়মনসিংহ।
- ০৩। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, জাককানইবি, ত্রিশাল, ময়মনসিংহ।
- ০৪। প্রক্টর, জাককানইবি, ত্রিশাল, ময়মনসিংহ।
- ০৫। প্রভোস্ট, অগ্নি-বীণা হল/দোলন-চাঁপা হল/জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল/ বঙ্গমাতা বেগম ফজিলাতুল্লাহা মুজিব হল, জাককানইবি, ত্রিশাল, ময়মনসিংহ।
- ০৬। পরিচালক, অর্থ ও হিসাব, জাককানইবি, ত্রিশাল, ময়মনসিংহ।
- ০৭। অতিরিক্ত পরিচালক, জনসংযোগ দপ্তর, জাককানইবি।
- ০৮। সহকারী পরিচালক (অর্থ ও হিসাব) ও পিএস. টু ভিসি, (ভিসি মহোদয়ের অবগতির জন্য) জাককানইবি, ত্রিশাল, ময়মনসিংহ।
- ০৯। পিএস. টু রেজিস্ট্রার, রেজিস্ট্রার দপ্তর (রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য), জাককানইবি, ত্রিশাল, ময়মনসিংহ।
- ১০। ম্যানেজার, সোনালী ব্যাংক লি., বিশ্ববিদ্যালয় শাখা, জাককানইবি, ত্রিশাল, ময়মনসিংহ।
- ১১। অফিস নথি।
- ১২। মহা নথি।

১৮/১২/২৪

(মো. আমিনুল ইসলাম)
সহকারী রেজিস্ট্রার (শিক্ষা)
রেজিস্ট্রার দপ্তর
জাককানইবি, ত্রিশাল, ময়মনসিংহ।